যায়যায়দিন

৩৫/6
তারিখ ... 2009
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ১

# ইবিতে রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) মঙ্গলবার ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের ঘটনায় এক সপ্তাহের জন্য মিছিল-সমাবেশসহ সব ধরনের রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করা হয়েছে।

ক্যাম্পাস সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে বুধবার সিন্ডিকেটে উপ-উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। এ বৈঠকে সব হল প্রাধ্যক্ষ ও প্রক্টরিয়াল বডির সদস্যরা উপস্থিত ছিলেন। মঙ্গলবার ঘটনা তদন্তে ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. এ এইচ এম আক্তারুল ইসলামকে আহ্বায়ক করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলে রেজিস্ট্রার দপ্তর থেকে জানানো হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন ফলিত [illegible]

নিষিদ্ধ : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## নিষিদ্ধ : ইবি

(শেষ পৃষ্ঠার পর)

রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগের প্রভাষক আরিফুজ্জামান এবং ফলিত পদার্থ ইলেক্ট্রনিক্স ও কমিউনিকেশন বিভাগের প্রভাষক হুমায়ুন কবির।